গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
কুড়িগ্রাম সদর,কুড়িগ্রাম।
www.fisheries.kurigramsadar.kurigram.gov.bd

০৬/১২/২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এর অফিস কক্ষে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে অনুষ্ঠিত সভার কাযবিবরণী :

সভাপতি : ইসমত আরা
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
স্থান : সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এর অফিস কক্ষ।

তারিখ ও সময় : ০৬/১২/২০২১ খ্রি:; সকাল : ১১.০০ ঘটিকা

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অত:পর তার দপ্তরের ক্ষেত্র সহকারীকে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য বলেন। সভাপতির অনুমতিক্রমে ক্ষেত্র সহকারী আলোচ্য সূচী অনুযায়ী সভার কাযক্রম শুরু করেন।

সভায় উপস্থিত কর্মকর্তা ও অংশীজনের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হল ।

আলোচনা : সভায় ক্ষেত্র সহকারী জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০২১-২০২২ এর কার্যক্রম ১.৩ অনুযায়ী মৎস্য অধিদপ্তরের অভ্যন্তরীন/দাপ্তরিক/নাগরিক সেবা গ্রহণকারী/প্রদানকারী যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান (সরকারী/বেসরকারী), সুশীল সমাজের প্রতিনিধি (দপ্তর/সংস্থার কাজের সাথে সংশ্লিষ্ট) অংশীজন হিসেবে মতামত গ্রহণের জন্য ৪টি সভা আয়োজনের বিধান রয়েছে । সে আলোকে অদ্য ০৬/১২/২০২১ খ্রি: তারিখ সকাল ১১.০ টায় ২য় ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় মৎস্য অধিদপ্তরের বিভিন্ন সেবা মূলক কাজের সাথে সংশ্লিষ্ট অংশীজনের সভায় আমন্ত্রণ জানানো হয় ।
সভাপতি বর্তমান শীত মৌসুম এবং কোভিড পরিস্থিতিতে মৎস্য রেণু, পোনা, মৎস্য খাদ্য ও উৎপাদিত মৎস্য বাজারজাতকরণের সাথে সংশ্লিষ্ট উদ্যোক্তা ও অংশীজন কি কি সমস্যার সম্মুখীন হচ্ছেন এবং কি উপায়ে এ সমস্যার সমাধান করা যায় সে বিষয়ে সভায় উপস্থিত সম্মানিত প্রতিনিধিগণকে তাদের সুচিন্তিত মূল্যবান মতামত ও পরামর্শ প্রদান করতে আহবান জানান।

অংশীজনের সুপারিশ/মতামতের উপর বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয় ।

১) বর্তমান শীত মৌসুম ও কোভিড পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে মৎস্য ও মৎস্যজাত দ্রব্য বাজারজাতকরণ ও বিপনণ কার্যক্রম সম্পন্ন করতে হবে ।
২) করোনাকালীন সময়ে সেবা সহজীকরণের লক্ষে মোবাইল মার্কেটিং এর মাধ্যমে মৎস্য ও মৎস্যজাত দ্রব্য চাষির দোড়গোড়ায় পৌছানোর ব্যবস্থা করতে হবে ।
৩) সংশ্লিষ্ট অ্যাপস ও অন্যান্য অনলাইন কাযক্রমের ভিডিও এর মাধ্যমে মৎস্য উদ্যোক্তাদের সেবা প্রদান নিশ্চিত করতে হবে ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

06.12.2021
(ইসমত আরা)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
কুড়িগ্রাম সদর,কুড়িগ্রাম